

যুগ্মত্য

রাবিতে শিক্ষার্থীকে ছাত্রলীগ নেতাকর্মীদের মারধর, প্রাণনাশের হৃমকি

● রাবি প্রতিনিধি

⌚ ১৭ মার্চ ২০২৩, ২০:৫৬:৫০ | অনলাইন সংস্করণ



কর্মসূচিতে না যাওয়ায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) এক শিক্ষার্থীকে মারধর ও প্রাণনাশের হৃমকি দেওয়ার অভিযোগ উঠেছে শাখা ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে। শুক্রবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের শেরেবাংলা ফজলুল হক হলে এ ঘটনা ঘটে।

মারধরে আহত শিক্ষার্থী তাৎক্ষণিক বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্র থেকে প্রাথমিক চিকিৎসা নিয়ে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা বরাবার লিখিত অভিযোগ দিয়েছেন ওই শিক্ষার্থী।

ছাত্রলীগের নেতাকর্মীদের মারধরে আহত শিক্ষার্থীর নাম সাফায়েত। তিনি বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও শেরেবাংলা হলের ২২১ নম্বর কক্ষের আবাসিক শিক্ষার্থী।

অপরদিকে অভিযুক্ত সংস্কৃত বিভাগের একই শিক্ষাবর্ষের শিক্ষার্থী রাইয়ান শাখা ছাত্রলীগের কর্মী এবং রাবি শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ রঞ্জুর অনুসারী।

জানতে চাইলে ভুক্তভোগী শাফায়াত বলেন, সকালে কর্মসূচিতে যাওয়ার জন্য আমাকে ডাকা হয়। আমি কাজ শেষ করেই যাওয়ার কথা বলি। তখন আল আমিন বলে- তোর জন্য কি সবাই বসে থাকবে? এ নিয়ে উভয়ের মধ্যে বাগবিতঙ্গ হয়।

এর জেরে অন্যরা নিষেধ করায় আমি আর তখন কর্মসূচিতে যাইনি। কর্মসূচি শেষ করে রাইয়ান ও তার বিভাগের শিক্ষার্থী আল-আমিন ও অনিক চন্দ্র দাসসহ চার-পাঁচজন এসে কক্ষের সামনে বেসিনে সবজি পরিষ্কার করার সময় পেছন থেকে আমাকে আবার মারধর করে। আমি হাতে আঘাত পেয়েছি।

একপর্যায়ে আমি দৌড় দিয়ে আমার কক্ষের সামনে চলে যাই। তারা আমাকে প্রাণনাশের হমকি দেয় এবং তাদের একজন বলে ‘তোকে দেখে নিব।’ এ অবস্থায় আমি হলে ও ক্যাম্পাসে নিরাপত্তা সংকটে ভুগছি।

অভিযুক্ত রাইয়ান বলে, তাকে কর্মসূচিতে যাওয়ার জন্য বলা হয়েছে কিন্তু সে যাবে না বলে জানায়। এ বিষয়ে বাগবিতঙ্গ হয়।

শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ রঞ্জু বলেন, কর্মসূচিতে আসা নিয়ে উভয়ের মধ্যে বাগবিতঙ্গ হয়েছে বলে জেনেছি। মারধরের বিষয়টি জানি না। খোঁজ নিয়ে ব্যবস্থা নেওয়া হবে।

জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা এম তারেক নূর বলেন, শিক্ষার্থীকে মারধরের ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। অভিযোগটি সংশ্লিষ্ট হল প্রাধ্যক্ষের কাছে পাঠ্যে দেওয়া হয়েছে এবং হল প্রাধ্যক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়া হয়েছে। হল প্রাধ্যক্ষ সমস্যা সমাধানে ব্যর্থ হলে বিষয়টি বিশ্ববিদ্যালয় প্রশাসন দেখবে।

হল প্রাধ্যক্ষ ড. হাবিবুর রহমান বলেন, এ ঘটনার বিষয়ে উভয়পক্ষই আমাকে কিছু না জানিয়ে ছাত্র উপদেষ্টা বরাবর লিখিত অভিযোগ দিয়েছিল। ছাত্র উপদেষ্টা বিষয়টি আমাকেই দেখার দায়িত্ব দিয়েছেন। আমি হলে ভুক্তভোগীর কক্ষে গিয়েছিলাম। উভয়পক্ষের কথা শুনেছি। এছাড়া শাফায়েতকে দেখতে রামেকেও গিয়েছি। আশা করি, শিগগিরই এর সমাধান হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,

ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023